# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৮৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ হাদীসে অনভিজ্ঞ ব্যক্তি হাদীসের যে শব্দে এই ধারণায় নিপতিত হন যে, ফর্সা করে ফজরের সালাত আদায় করা অন্ধকারে আদায় করার চেয়ে উত্তম

## ذِكْرُ لَفْظَةٍ تعلَّق بِهَا مَنْ جَهِلَ صِنَاعَةَ الْحَدِيثِ وَزَعَمَ أَنَّ الْإِسْفَارَ بِالْفَجْرِ أَفْضَلُ مِنَ التغليس

আরবী

1487 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ الْقَطَّانُ عَنِ ابْنِ عَجْلَانَ عَنْ عَاصِمِ بْنِ عُمَرَ بْنِ قَتَادَةَ عَنْ مَحْمُودِ بْنِ لَبِيدٍ عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (أَصْبِحُوا بِالصُّبْحِ فَإِنَّكُمْ كُلَّمَا أَصْبَحْتُمْ بِالصُّبْحِ كَانَ أَعْظَمَ لِأُجُورِكُمْ أَوْ لأجرها)
قَالَ أَبُو حَاتِمٍ: أَمَرَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْإِسْفَارِ لِصَلَاةِ الصُّبْحِ لِأَنَّ الْعِلَّةَ فِي هَذَا الْأَمْرِ مُضْمَرَةٌ وَذَلِكَ أَنَّ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصْحَابَهُ كَانُوا يُغَلِّسُونَ بِصَلَاةِ الصُّبْحِ وَاللَّيَالِي الْمُقْمِرَةُ إِذَا قَصَدَ الْمَرْءُ التَّغْلِيسَ بِصَلَاةِ الْفَجْرِ صَبِيحَتَهَا رُبَّمَا كَانَ أَدَاءُ صَلَاتِهِ بِاللَّيْلِ فَأَمَرَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْإِسْفَارِ بِمِقْدَارِ مَا يتيقَّن أَنَّ الْفَجْرَ قَدْ طَلَعَ وَقَالَ: (إِنَّكُمْ كُلَّمَا أَصْبَحْتُمْ) يُرِيدُ بِهِ تَيَقَّنْتُمْ بِطُلُوعِ الْفَجْرِ كَانَ أَعْظَمَ لِأُجُورِكُمْ مِنْ أَنْ تُؤَدُّوا الصَّلَاةَ بِالشَّكِّ
الراوي : رَافِعِ بْن خَدِيجٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1486 | خلاصة حكم المحدث :حسن صحيح ـ ((الإرواء)) (258) , ((صحيح أبي داود)) (451).

বাংলা

১৪৮৭. রাফে‘ বিন খাদীজ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমরা সকাল করে ফজরের সালাত আদায় করবে, কেননা যখন তোমরা সকাল করে ফজরের সালাত

আদায় করবে, এতে তোমাদের জন্য অধিক সাওয়াব হবে অথবা (রাবীর সন্দেহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) সেই সালাতের অধিক সাওয়াব হবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফজরের সালাত ফর্সা করে আদায় করার নির্দেশ দিয়েছেন। এই নির্দেশের কারণ এখানে উহ্য। কারণটি হলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং সাহাবীগণ ফজরের সালাত অন্ধাকারে আদায় করতেন। চাদনী রাতে কোন মানুষ যখন ফজরের সালাত অন্ধকারে আদায় করতে চায়, তখন কোন কোন সময় সালাতটি রাতে আদায় করা হয়ে যায়। ফলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঠিক এই পরিমাণ ফর্সা করে আদায় করতে বলেন যাতে সুবহে সাদিক উদিত হওয়ার বিষয়টি নিশ্চিত হওয়া যায়। তিনি বলেছেন, “নিশ্চয় তোমরা যখন ফর্সা করে সালাত আদায় করবে” এর দ্বারা উদ্দেশ্য হলো তোমরা সুবহে সাদিক উদিত হওয়ার ব্যাপারটি নিশ্চিত হয়ে আদায় করলে সেটি উত্তম হবে সন্দেহমূলক সময়ে আদায় করার চেয়ে।”

## ফুটনোট

[1] নাসাঈ: ১/২৭২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩২১; মুসনাদ আহমাদ: ৪/১৪২; তাবারানী: ৪২৮৫; তাহাবী: ১/১৭৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৪৫১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90802

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন